নদীতীরে স্থানান্তরযোগ্য শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপনের নির্দেশ প্রধানমন্ত্রীর

পকূলীয় নদী ড্রেজিং করার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, চোখের সামনে বড় বড় ভবন নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে। এ জন্য সবজায়গায় সবকিছু তৈরি করা যাবে না। স্কুল, কলেজ, মসজিদ, মাদ্রাসা—এগুলো নির্মাণের সময় সতর্ক থাকতে হবে। গতকাল মঙ্গলবার জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে প্রধানমন্ত্রী এ নির্দেশনা দেন।

শেরেবাংলানগরের এনইসি সম্মে-লনকক্ষে একনেক বৈঠকটি অনুষ্ঠিত হয়। এতে গণভবন থেকে ভার্চুয়াল পদ্ধতিতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। সভা শেষে নিজ দপ্তর হতে ভার্চুয়াল সংবাদ সম্মেলনে এ তথ্য জানান পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান।

মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী বলেছেন, নদী খননের সঙ্গে সঙ্গে খালও পরিষ্কার রাখতে হবে। ড্রেজিং গভীর করে করতে বলেছেন, যাতে করে ভাঙন কম হয়। আমাদের বন্যার সঙ্গে অ্যাডজাস্ট করে চলতে হবে। বন্যার পানি যাতে দ্রুত নেমে যেতে পারে সেজন্য উপকূলীয় অঞ্চলের নদীগুলো ড্রেজিং করার নির্দেশনা দিয়েছেন তিনি। নদীভাঙন প্রবণ এলাকায় স্কুল, কলেজ, মসজিদ-মাদ্রাসা এমন ভাবে নির্মাণ করতে হবে যাতে ভাঙন শুরু হলে এগুলো দ্রুত সরিয়ে নেওয়া যায়। মুন্সিগঞ্জে ঘড়বাড়িগুলো টিনের একতলা, দোতলা। নদীভাঙন শুরু হলে দ্রুত এগুলো স্থানান্তর করা যায়। প্রধানমন্ত্রী এ ধরনের মডেল ডেভেলপ করতে বলেছেন। যাতে করে বড় বড় ভবন নদীগর্ভে চলে না যায়।

একনেক সভায় ৩ হাজার ৪৬১ কোটি ৯৭ লাখ টাকা ব্যয় সংবলিত সাতটি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। প্রকল্পগুলো নিয়ে আলোচনায় প্রধানমন্ত্রীর বিভিন্ন নির্দেশনা ও অনুশাসনের বিষয়ে পরিকল্পনামন্ত্রী জানান, দেশে আর ‘স্লুইসগেট’ না করার নির্দেশনা দেওয়া হয়েছে। কারণ এর বেশির ভাগ কাজ করছে না, সঠিক ভাবে রক্ষণাবেক্ষণও হচ্ছে না। এজন্য এগুলো নির্মাণের আগে একটি সমীক্ষা করার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী।

বাড়িয়েছে বিশ্বব্যাংক।

সূত্র- ইত্তেফাক

ফোন বিটিআরসি নিবন্ধিত কিনা, যেভাবে জানবেন

নানা রকমের মোবাইল ফোন ব্যবহার করে থাকি আমরা। তবে কোন ফোনটা আসল বা বিটিআরসি নিবন্ধিত তা হয়ত আমরা কখনও যাচাই করে নেই না। ফলে বিটিআরসি নিবন্ধিত না হওয়ায় যে কোন সময় ফোনটি বাতিল হয়ে যেতে পারে। তাই জেনে নিন বিটিআরসি নিবন্ধিত কিনা আপনার ফোনটি।

মোবাইল সেট কেনার সময় মেসেজ অপশনে গিয়ে KYD লিখে স্পেস দিয়ে ১৫ ডিজিটের আইএমইআই নম্বর দিয়ে ১৬০০২ তে পাঠাতে হবে। ফিরতি বার্তায় ফোনটির আইএমইআই বিটিআরসি সার্ভারে নিবন্ধিত আছে কিনা জানিয়ে দেয়া হবে।

মোবাইল ফোনের বক্সে বা প্যাকেটে প্রিন্টেড স্টিকার থেকে অথবা ফোনে *#০৬# ডায়াল করে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট হ্যান্ডসেটের আইএমইআই জানা যায়। বৈধ মোবাইল ফোন হ্যান্ডসেট ক্রয়ে এ পদ্ধতি অনুসরণ করতে হবে।

সূত্র- বিডি-প্রতিদিন

সুপ্রিম কোর্টের সব

অবকাশকালীন ছুটি বাতিল

গত ৬ আগস্টের পর থেকে চলতি বছরের সুপ্রিম কোর্টের সব অবকাশকালীন ছুটি বাতিল ঘোষণা করা হয়েছে। মঙ্গলবার এ বিষয়ে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ৬ আগস্ট অনুষ্ঠিত সব বিচারপতিদের অংশগ্রহণে ফুলকোর্ট সভার সিদ্ধান্ত অনুযায়ী সুপ্রিম কোর্টের ২০২০ খ্রিস্টাব্দের বর্ষপঞ্জির ৬ আগস্ট পরবর্তী অবকাশকালীন সব ছুটি বাতিল করা হলো।

সূত্র- বিডি-প্রতিদিন

গাংনীতে ২৫ বোতল ফেন্সিডিলসহ একজন আটক

মেহেরপুরের গাংনী চৌগাছা এলাকায় অভিযান চালিয়ে ২৫ বোতল ফেন্সিডিলসহ দরবেশ আলী(২৩) নামের মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে গাংনী থানার এসআই তরিকুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালন করেন।

আটককৃত দরবেশ আলী কুষ্টিয়ার দৌলতুপুর উপজেলার খলিসাকুন্ডি গ্রামের বড়গোরস্থান পাড়ার আব্দুল গনির ছেলে। তার বিরুদ্ধে গাংনী থানায় নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

করোনা রোগিদের জন্য বিশুদ্ধ পানি পাঠালেন এসপি জাহিদ

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের করোনা ওয়ার্ডে চিকিৎসারত রোগিদের জন্য ৭৪৪ বোতল বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করেছেন পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

মঙ্গলবার বিকালে চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. এএসএম মারুফহাসান রোগিদের পক্ষে পুলিশ সুপারের উপহার গ্রহণ করেন।

চুয়াডাঙ্গা পুলিশ লাইন্সের পরিদর্শক (আরআই) আহম্মদ আলী জানান, ‘পুলিশ সুপার জাহিদুল ইসলাম করোনা পরিস্থিতির শুরু থেকেই করোনা আক্রান্ত রোগি ও দরিদ্র মানুষের সহযোগিতায় কাজ করে আসছেন। তাঁর নির্দেশেই আমি সিভিল সার্জনের কাছে রোগিদের জন্য পুলিশ সুপারের উপহার পৌঁছে দিয়েছি।’

ডসভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান বলেন, ‘চুয়াডাঙ্গা সদর হাসপাতালের করোনা রোগিদের জন্য পুলিশ সুপারের উপহার আমাদের হাতে এসেছে। আমরা করোনা ওয়ার্ডে তা পৌঁছে দিয়েছি।’

পুলিশ সুপার জাহিদুল ইসলাম বলেন, ‘আমি প্রজাতন্ত্রের সেবক হিসেবে সবসময় চিন্তা করি কিভাবে মানুষের মঙ্গল সাধন করা যায়। সেই চিন্তা থেকেই মানুষের পাশে দাঁড়ানোর এই ক্ষুদ্র প্রয়াস।’

দর্শনায় মাদ্রাসাছাত্রীকে ধর্ষণের অভিযোগ, যুবক আটক

দর্শনা ডিএস ফাজিল মাদ্রাসায় পড়াশোনা ৫ ক্লাস। এর মধ্যে ২ বছরের প্রেম, বিয়ের স্বপ্নে বাড়ি ছাড়া, অবশেষে ধর্ষণ। অবাক হলেও সত্য এমন ঘটনা ঘটেছে দর্শনা পরানপুর রিফিউজি কলোনীপাড়ায়। বিয়ের প্রলোভনে ৫ম শ্রেণির এক মাদ্রাসাছাত্রীকে ধর্ষণ করার অভিযোগ উঠেছে।

এ অভিযোগের ভিত্তিতে দর্শনা থানার পুলিশ অভিযুক্ত রাজাবুল হোসেন (১৯) নামের এক যুবককে আটক করে জেলহাজতে প্রেরণ করেছে।

জানা গেছে, দর্শনা পৌর এলাকার পরানপুর গ্রামের রেজাউল হকের ছেলে রাজাবুলের সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে একই গ্রামের রিফিউজ কলোনীপাড়ার দর্শনা ডিএস ফাজিল মাদ্রাসার ৫ম শ্রেণির এক ছাত্রীর। এ সম্পর্কের জেরে গত রোববার রাত সাড়ে ১০টার দিকে রাজাবুল ওই ছাত্রীকে বিয়ের প্রলোভন দেখিয়ে মোবাইলে ডেকে নেয় তার বাড়িতে।

এদিকে, ওই ছাত্রীর মা হঠাৎ করে মেয়েকে ঘরে না দেখে বিভিন্ন আত্মীয়-স্বজনের বাড়িতে খোঁজেন গভীর রাত পর্যন্ত। পরে বিষয়টি জানাজানি হলে রাজাবুল তার বাড়ি থেকে কৌশলে ওই ছাত্রীর নিজ বাড়ি রিফিউজি কোলনীতে ফেরত দিয়ে যায়।

বিষয়টি দর্শনা পুলিশের কাছে ওই ছাত্রীর মা বাদী হয়ে একটি ধর্ষণ মামলা করেন। পরে গতকাল পুলিশের অভিযানে অভিযুক্ত রাজাবুলকে গ্রেপ্তার করে জেলহাজতে প্রেরণ করেছে পুলিশ।

এ বিষয়ে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাবুবুর রহমান কাজল জানান, এ ঘটনায় ওই ছাত্রীর মা বাদী হয়ে একটি মামলা করেছেন। এ মামলার ভিত্তিতে অভিযুক্ত আসামিকে আটক করে জেলহাজতে পাঠানো হয়েছে।

এছাড়া ভুক্তভোগী ওই ছাত্রীর ডাক্তারি পরীক্ষার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠানো হয়েছিল। ডাক্তারি পরীক্ষার ফলাফল না আসা পর্যন্ত ঠিকভাবে কিছু বলা যাচ্ছে না।

দামুড়হুদার মোক্তারপুরে সংঘর্ষে নারীসহ দুজন আহত, পাল্টাপাল্টি মামলা

দামুড়হুদা উপজেলার মোক্তারপুরে জমি-জমা নিয়ে সংঘর্ষে নারীসহ দুইপক্ষের দুজন আহত হয়েছেন। এ ঘটনায় এক পক্ষের দুজন আসামিকে আটক

করে থানার পুলিশ। দামুড়হুদা মডেল থানায় পাল্টাপাল্টি মামলা হয়েছে।

আহত ব্যক্তিরা হলেন- মোক্তারপুর গ্রামের জালাল উদ্দীনের ছেলে রফিকুল ইসলাম (৩৩) ও উত্তর চাঁদপুরের মোস্তাকের স্ত্রী সাথী খাতুন (২৫)।

আটককৃতরা হলেন- উত্তর চাঁদপুর গ্রামের মৃত জিয়াউর রহমানের ছেলে আব্দুর আলিম (৫২) ও একই গ্রামের মৃত জিয়াউর রহমানের ছেলে আব্দুল আজিজ (৫৫)।

গতকাল সকাল ৯টার দিকে উত্তর চাঁদপুর গ্রামে এ ঘটনা ঘটে। এ ঘটনায় দামুড়হুদা মডেল থানায় মোক্তারপুর গ্রামের আব্দুল জালাল বাদী হয়ে দামুড়হুদা মডেল থানায় উত্তর চাঁদপুর গ্রামের মৃত জিয়াউর রহমানের ছেলে আব্দুল আলীম, আব্দুল আজিজ, আব্দুল হালিম, আব্দুল আজিজের ছেলে হাসান আলী, মোস্তাক আলী ও আব্দুল আলিমের ছেলে মামুনের বিরুদ্ধে মামলা করেন।

অপর পক্ষের উত্তর চাঁদপুর গ্রামের আব্বস বাদী হয়ে দামুড়হুদা মডেল থানায় মোক্তারপুর গ্রামের আব্দুলের ছেলে শফিকুল ইসলাম, সামাদ, হাফিজ, মিনারুর, রাজ্জাকের ছেলে নুহুনবী, নবীর ছেলে বাবু, জালালের ছেলে রফিকুলের বিরুদ্ধে মামলা দায়ের করেন।

বঙ্গবন্ধু পথ দেখিয়ে গিয়েছিলেন সন্ত্রাস ও দূর্ণীতিমুক্ত দেশ গড়ার -এমপি চঞ্চল

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার বলুহর ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুর ১ টার দিকে বলুহর ইউনিয়ন পরিষদ মিলনায়তনে ইউনিয়ন

আ.লীগের সভাপতি শহিদুল ইসলামের সভাপতিত্বে এ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য ও বাংলাদেশ রেলপথ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বঙ্গবন্ধু আমাদের পথ দেখিয়ে গিয়েছিলেন সন্ত্রাসমুক্ত, দুর্নীতিমুক্ত দেশ গড়ার। জাতির জনকের হত্যাকারীদের ইনডেমনেটি দিয়ে জিয়া খুনিদের পুরস্কৃত ও পুনঃবাসন করে। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার জন্য জাতির জনকের কন্যা জননেত্রী শেখ হাসিনা কাজ করে চলেছেন।

আজ গর্ব করে বলতে পারি আমরা এখন আমাদের অর্থে বাজেট বাস্তবায়ন করি। আমরা নিজেদের অর্থে পদ্মা সেতু করেছি। প্রধান অতিথির এ বক্তব্যে সভায় আগত সকলে আবেগ আপ্লুত হয়ে পড়েন।

অন্যান্যদের মধ্যে সভায় আরও বক্তব্য রাখেন উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, বলুহর ইউপি চেয়ারম্যান আঃ মতিন, উপজেলা আ.লীগের যুগ্ন-সাধারণ সম্পাদক সামাউল হক লাড্ডু, কুশনা ইউপি চেয়ারম্যান আঃ হান্নান, জাসদ নেতা শামিম আক্তার বাবু, আ.লীগ নেতা আকিমুল ইসলাম, আবুল হোসেন, মহিলা নেত্রী রুবিনা খাতুন প্রমূখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি শেখ শাহীন। পরে বঙ্গবন্ধু ও তার পরিবার সহ দেশ ও জাতির মঙ্গল কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে ২ ইউনিয়নের মুক্তিযোদ্ধাদের ক্রেস্ট

প্রদান

স্বাধীনতার ও মুক্তিযুদ্ধের তীর্থভূমি মুজিবনগর উপজেলার দারিয়াপুর ও মোনাখালী ইউনিয়নের জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের মাঝে সন্মান সূচক শুভেচ্ছা স্মারক হিসাবে ক্রেস্ট বিতরণ করা হয়েছে।

করোনা মহামারির কারণে গত ২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবসে বীর মুক্তিযোদ্ধাদের ছবি সম্বলিত মহান মুক্তিযুদ্ধের সন্মানসূচক শুভেচ্ছা স্মারক প্রদানের যে অনুষ্ঠান সেটি বন্ধ করার কারণে ক্রেস্ট গুলো উপজেলার মুক্তিযোদ্ধাদের মাঝে বিতরণ করা সম্ভব হয়নি।

সে জন্য মুক্তিযোদ্ধাদের দাবির প্রেক্ষিতে গত ৯ আগস্ট উপজেলার বিশিষ্ট মুক্তিযোদ্ধাদের ক্রেস্ট গুলো প্রদান করা এবং অবশিষ্ট মুক্তিযোদ্ধাদের ক্রেস্ট গুলো পৌঁচ্ছে দেওয়ার জন্য মুজিবনগর উপজেলার সাবেক নির্বাহী অফিসার উসমান গনি বিশিষ্ট মুক্তিযোদ্ধাদের নিকট আবেদন করেন।

তিনি যাবার আগে ক্রেস্টগুলো প্রদানের জন্য বীর মুক্তিযোদ্ধাদের দাবী ছিল। তাই তিনি উপজেলা ও ইউনিয়নের বিশিষ্ট বীর মুক্তিযোদ্ধাদের হাতে গত ৯ আগস্ট সম্মাননা ক্রেস্ট প্রদান করেন।

অবশিষ্ট সকল বীর মুক্তিযোদ্ধার ক্রেস্ট ইউনিয়ন পর্যায়ে পৌঁছে দেওয়ার জন্য বিশিষ্ট মুক্তিযোদ্ধাদের প্রতি আবেদন জনান তার ধারাবাহিকতায় মঙ্গলবার সকালে দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের কার্যালয়ে ক্রেস্ট বিতরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেনের সঞ্চালনায় এবং যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা সাবেক ইউপি কমান্ডার আহসান আলী খান এর সভাপত্বিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার নুরুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা আ: কাশেম, বীর মুক্তিযোদ্ধা আবুল হাসেম।

অনুষ্ঠানের মাধ্যমে দারিয়াপুর ও মোনাখালি ইউনিয়নের ৫০ জন বীর

মুক্তিযোদ্ধা ও মৃত্যু বরণকারি বীর মুক্তিযোদ্ধাদের পরিবারের সদস্যদের হাতে ক্রেস্ট গুলি তুলে দেওয়া হয়।

গাংনীর মটমুড়ার গাঁজাচাষী দুলাল হোসেনকে জেলগেটে জিজ্ঞাসাবাদ

মেহেরপুরের গাংনীর মটমুড়া গ্রামের গাঁজাচাষী দুলাল হোসেনকে জিজ্ঞাসাবাদ করেছে পুলিশ। মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেল গেটে তাকে জিজ্ঞাসাবাদ করেন ওসি তদন্ত মো: সাজেদুল ইসলাম। সে মটমুড়া গ্রামের কাশেম আলীর ছেলে।

গাংনী থানার ওসি তদন্ত মো: সাজেদুল ইসলাম জানান, গাঁজাচাষী দুলাল হোসেন সম্প্রতি আদালতে অত্মসমর্পন করেন। আদালতে তার ৫ দিনের রিমান্ড আবেদন করলে বিজ্ঞ আদালত ১ দিনের জন্য জেল গেটে জিজ্ঞাসাবাদের অনুমতি প্রদান করে।

জিজ্ঞাসাবাদের এক পর্যায় গাঁজার গাছ সংগ্রহ ও বিক্রি সহ চাষের সাথে জড়িতদের বিষয়ে গুরুত্বপূর্ন তথ্য দিয়েছে মামলার তদন্তের স্বার্থে সবকিছু এখনই বলা সম্ভব হচ্ছেনা। মামলার সুষ্ট তদন্তের প্রয়োজনে আবারো রিমান্ড আবেদন করা হবে।

উল্লেখ্য: দুলাল হোসেন তার বাড়ির পার্শে গাঁজা চাষাবাদ করছে এমন সংবাদের ভিত্তিতে পুলিশ সুপারের নির্দেশনায় অভিযান চালিয়ে ১শ’৯০টি গাঁজা গাছ উদ্ধার করা হয়।

এ ঘটনায় পুলিশের উপ পরিদর্শক আলী রেজা বাদী হয়ে দুলাল হোসেন ও তার স্ত্রী শেফালীর নামে গাংনী থানায় একটি মাদক দ্রব্য আইনে মামলা দায়ের করেছে। মামলা নং ৩২। তাং ৩০.০৭.২০২০ ইং।

মামলায় দুলালের স্ত্রী শেফালী খাতুনকে আটক করলেও পুলিশের উপস্থিতি টের পেয়ে গাঁজা চাষী দুলাল হোসেন পালিয়ে যায় দুলাল হোসেন।